অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ইথাকাতে 20 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সাশ্রয়ী আবাসনের উন্নয়নমূলক কাজ উদ্বোধনের ঘোষণা দিয়েছেন

98টি ভাড়া বাড়ি তৈরি এবং সংরক্ষণ করতে ইথাকা সিটি অ্যাপার্টমেন্ট ইথাকাতে বিক্ষিপ্ত অবস্থানে থাকা 31টি আবাসিক ভবনকে পুনর্বাসন করে

বিনিয়োগগুলি "সাউদার্ন টিয়ার সোরিং" (Southern Tier Soaring) এর সম্পূরক - যা সমাজগুলিকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে এই অঞ্চলের বিস্তৃত কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ইথাকা সিটি অ্যাপার্টমেন্টস এর সম্পূর্ণতা ঘোষণা দিয়েছেন, যা ইথাকাতে বিক্ষিপ্ত অবস্থানে থাকা আবাসনের জন্য 20.4 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের একটি আবাসন উন্নয়ন প্রকল্প। 98টি মিশ্র-আয়ের ভাড়া বাড়ি সংরক্ষণ করার জন্য এই প্রকল্পটি 17টি ভিন্ন এলাকায় অবস্থিত 31টি বিদ্যমান ভবনকে পুনর্বাসিত করে। এই উন্নয়নসমূহ ভবনগুলোর স্থায়ীত্ব বৃদ্ধি করবে এবং বর্তমান ও ভবিষ্যতের বাসিন্দাদের ক্রয়ক্ষমতা বজায় রাখবে।

"এই উন্নয়ন সাউদার্ন টিয়ারে সাশ্রয়ী মূল্যের আবাসনে বিনিয়োগ এবং কমিউনিটি শক্তিশালী করায় আমাদের প্রচেষ্টার একটি অংশ", **গভর্নর কুওমো বলেন।** "একটি সমৃদ্ধিশালী, সফল কমিউনিটির জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন অপরিহার্য এবং ইথাকার বাসিন্দাগণ প্রজন্মের পর প্রজন্ম সাশ্রয়ী মূল্যের আবাসন পেয়ে থাকবে তা এই ইথাকা সিটি অ্যাপার্টমেন্টস নিশ্চিত করবে।"

"নতুন ইথাকা সিটি অ্যাপার্টমেন্টস সিটির পরিবারদের জন্য সুযোগ বৃদ্ধি করবে এবং তাদের কাছে অসাধারণ আবাসনের অপশন রয়েছে তা নিশ্চিত করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন**। "নতুন ইথাকা সিটি অ্যাপার্টমেন্টস সিটির পরিবারদের জন্য সুযোগ বৃদ্ধি করবে এবং তাদের কাছে অসাধারণ আবাসনের অপশন রয়েছে তা নিশ্চিত করবে। এটা শুধুমাত্র অবকাঠামোর প্রতি একটি বিনিয়োগ নয়, বরং কমিউনিটি উন্নয়নে সহায়তা এবং প্রতিটি অঞ্চলের জীবনের মানের উন্নতি করায় আমাদের প্রচেষ্টারও একটি অংশ।"

সাউদার্ন টিয়ারের কমিউনিটি এবং জোরালো অর্থনীতির উন্নতিতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর প্রতিশ্রুতি সাউদার্ন টিয়ার সোরিং-এ এই এলাকার অর্থনৈতিক উন্নতি এবং কমিউনিটি উন্নয়ন করার জন্য একটি ব্যাপক প্রতিচিত্র প্রতিফলিত হয়। চাকরি এবং সেবাসহ এলাকাসমূহে বিদ্যমান সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগের সংরক্ষণ করার মাধ্যমে ইথাকা সিটি অ্যাপার্টমেন্টসে স্টেটের

বিনিয়োগটি সাউদার্ন টিয়ার সোরিং প্রচেষ্টাকে সম্পূর্ণ করে। 2011 থেকে, হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) সাউদার্ন টিয়ারে 170 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ বিনিয়োগ করেছে এই কারণে 4,700 এরও বেশি বাসিন্দাদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

ইথাকা সিটি অ্যাপার্টমেন্টস 17টি ভিন্ন এলাকায় 31টি ভবন দ্বারা গঠিত হয়েছে যা, এই প্রকল্প উন্নয়নকারী ইথাকা নেইবারহুড হাউজিং সার্ভিসেস (Ithaca Neighborhood Housing Services, INHS) দ্বারা অধিগত এবং পুনর্বাসিত হয়েছে। অধিকাংশ ভবনগুলো একক অথবা দুই-পরিবারের বাড়ি হিসেবে নির্মাণ করা হয়েছিল এবং অধিগত করার পূর্বে বহু-পরিবারের ব্যবহারে জন্য রূপান্তর করা হয়েছিল।

সম্পন্নকৃত উন্নয়নটি স্টুডিও, এক, দুই, তিন এবং চার-বেডরুম বিশিষ্ট অ্যাপার্টমেন্টসের একটি মিশ্রণ প্রদান করে। এলাকার মধ্যম আয়ের শতকরা 50 এর মধ্যে বা তার কম আয়ের পরিবারের জন্য ষোলটি অ্যাপার্টমেন্ট, মধ্যম আয়ের শতকরা 60 এর মধ্যে বা তার কম আয়ের পরিবারগুলোর জন্য চুয়াত্তরটি অ্যাপার্টমেন্ট ক্রয়যোগ্য থাকবে এবং আটটি অ্যাপার্টমেন্ট বাজারের দরে ভাড়া দেওয়া হবে।

প্রতিটি অ্যাপার্টমেন্টের প্রয়োজনীয়তা অনুযায়ী পুনর্বাসন কাজ বিভিন্ন ধরনের হয়েছিল। কাজে অন্তর্ভুক্ত রয়েছে রান্নাঘর এবং বাথ উন্নতকরণ; নতুন লাইট, বাথের নিষ্কাশন পাখা এবং ভেন্ট করা রেঞ্জের হুড ইনস্টল; নতুন দরজা এবং জানালা ইনস্টল; ছাদ প্রতিস্থাপন; নতুন সাইডিং ও ইনসুলেশন এবং নতুন ফিনিসিং, রং ও মেঝে। ভবনের উন্নয়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে লাইট এমিটিং ডায়োড (LED) এবং এনার্জি স্টারের লাইটের আলোক ব্যবস্থা, এনার্জি স্টারের যন্ত্রপাতি, নিম্ন প্রবাহের প্লাম্বিং লাগানো, উচ্চ দক্ষতার বয়লার অথবা ফার্নেস এবং উচ্চ দক্ষতার ট্যাঙ্কবিহীন গরম পানির হিটার এবং উন্নত ইনসুলেশন। বর্তমান ভাড়াটেদের জায়গায় রেখে অথবা সাময়িকভাবে স্থানান্তরিত করার মাধ্যমে পুনর্বাসন কাজ সম্পন্ন হয়েছে।

20.4 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের প্রকল্পটির জন্য স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে 4.2 মিলিয়ন মার্কিন ডলারের স্থায়ী কর-মুক্ত বন্ড, ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ঋণ (Low-Income Housing Tax Credits) যা 5.7 মিলিয়ন মার্কিন ডলারের ইকুইটি তৈরি করে এবং অতিরিক্ত 1.2 মিলিয়ন মার্কিন ডলারের ভর্তুকি যা নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে প্রাপ্ত। নিউ ইয়র্ক স্টেট হাউজিং স্টেবিলাইজেশন ফান্ড (NYS Housing Stabilization Fund) দ্বারা অতিরিক্ত তহবিল প্রদান করা হয়েছে যা স্থানীয় উদ্যোগ সহায়তা কর্পোরেশন (Local Initiatives Support Corporation, LISC) এবং একটি সেলারস নোট দ্বারা পরিচালিত হয়েছে। কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট ফান্ড (Community Housing Development Fund) থেকে টম্পকিন্স কাউন্টি 300,000 মার্কিন ডলার প্রদান করছে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "ইথাকা সিটি অ্যাপার্টমেন্টে, আমরা প্রাচীন আবাসনগুলোকে সংরক্ষণ এবং আধুনিক, এলাকার সৌন্দর্য বর্ধন, 98টি

পরিবারের জীবনের মান উন্নত করছি এবং নিশ্চিত করছি যে ভাড়া যাতে সকলের জন্য সাশ্রয়ী থাকে। পুনর্বাসিত এই অ্যাপার্টমেন্টসমূহ ইথাকা শহরের জন্য একটি উন্নত ভবিষ্যৎ গড়ে তুলবে এবং সাউদার্ন টিয়ার সোরিংকে টিকে রাখবে।"

সিনেটর টম ও'মারা বলেন, "স্টেটের প্রচেষ্টা এবং বিনিয়োগের মাধ্যমে ইথাকা সিটি অ্যাপার্টমেন্টসের পুনর্বাসন এবং সংস্কার সম্পন্ন করার এই কাজটি পরিবার এবং বাসিন্দাদের জন্য নিরাপদ, ক্রয়যোগ্য আবাসনের একটি অপরিহার্য সংযোজনের প্রতিনিধিত্ব করে। এটি অসংখ্য জীবনে প্রচুর গুরুত্বপূর্ণ পরিবর্তন নিয়ে আসার প্রতিজ্ঞা করেছে এবং আমরা আশাবাদী যে কমিউনিটিকে শক্তিশালী করে তুলতে এই রকমের অবিচলিত প্রচেষ্টা আমরা চালিয়ে যেতে পারব।"

অ্যাসেম্বলি মহিলা সদস্য বারবারা লিফটন বলেন, "বিক্ষিপ্ত এলাকা পুনর্বাসন প্রকল্পটি হচ্ছে INHS কর্তৃক গৃহীত একটি বৃহৎ ও জটিল প্রচেষ্টা এবং যে স্টেট অর্থায়ন এ কাজটি সম্ভব করতে সাহায্য করেছে সে অর্থায়নকে সমর্থন করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। যেহেতু আমরা আমাদের কমিউনিটিতে আরও ক্রয়যোগ্য আবাসনের প্রচেষ্টা চালিয়ে যেতে চাই, তাই বর্তমানে ক্রয়যোগ্য আবাসনের মজুদ বজায় এবং সংরক্ষণ করা আমাদের জন্য অপরিহার্য। এই তাৎপর্যপূর্ণ প্রকল্পকে বাস্তব রূপ দেওয়ার জন্য গভর্নর কুওমো, অফিস অব হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Office of Homes and Community Renewal), INHS এবং অন্যান্য দায়িত্বপূর্ণ পক্ষকে আমি ধন্যবাদ জানাই।"

ইথাকার মেয়র ভান্তে মাইরিক বলেন, "এই তহবিলটি বসবাসের জন্য ইথাকা শহরকে একটি আরও সাশ্রয়ী স্থান হিসেবে গড়ে তুলবে – যা আমাদের কমিউনিটির সবচেয়ে বড় সমস্যার সমাধানে সাহায্য করবে। HCR এর কর্মকর্তাবৃন্দ এবং কমিশনার ভিসনাউসকাসের সহায়তার জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

টম্পকিনস কাউন্টির আইন পরিষদের সভাপতি মার্থা রবার্টসন বলেন, "আমরা এই প্রকল্প নিয়ে উদ্দীপিত কেননা এই প্রকল্পটি ভাড়াটেদের জন্য আরও ব্যয়বহুল না করে ৭৪টি অ্যাপার্টমেন্টকে আরও নিরাপদ ও কার্যকর করেছে। সাধারণত যখন ভবনের উন্নয়ন কাজ সম্পাদিত হয়, তখন এর মূল্য বৃদ্ধি পায় এবং এই আবাসনগুলো নিম্ন আয়ের মানুষের আওতার বাইরে চলে যায়। এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি সমাপ্ত করার জন্য কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট ফান্ডের সাথে INHS ও নিউ ইয়র্ক স্টেটের অংশীদারীত্বের প্রতি আমরা কৃতজ্ঞ!"

INHS এর নির্বাহী পরিচালক জোহানা অ্যান্ডারসন বলেন, "এই শহরে ইনসুলেশন কন্ট্রাক্টরস অ্যাসোসিয়েশন (Insulation Contractors Association, ICA) সবচেয়ে বড় এবং প্রাচীনতম সাশ্রয়ী মূল্যের আবাসনের পোর্টফোলিও হওয়ার সাথে সাথে, এই প্রকল্পে পরিকল্পনা, প্রচেষ্টা এবং দলগত কাজের একটি বড় অংশের সমন্বয় হয়েছিল। তবে, প্রয়োজনীয় সহায়তা ব্যবস্থার মাধ্যমে, আমরা আমাদের বাসিন্দাদের নিরাপদ ও উচ্চমানের আবাসন সরবরাহের লক্ষ্যে আমাদের সততা বজায় রাখতে সক্ষম হয়েছিলাম। আশেপাশের এলাকা ও ঘরবাড়ির সংরক্ষণের মাধ্যমে আমাদের কমিউনিটির জন্য কাজ করার সুযোগ প্রদানের জন্য আমরা কৃতজ্ঞ।"

সাউদার্ন টিয়ার সোরিংকে দ্রুতগতি করা

আজকের ঘোষণা দ্বারা "সাউদার্ন টিয়ার সোরিং" কথাটি সম্পূর্ণ হয়েছে, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটির বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। এই পরিকল্পনার ভিত্তি স্থাপন করতে - প্রতিভাশালী কর্মীদলকে আকর্ষণ, ব্যবসা উন্নতি এবং নতুনত্বে উন্নতি করার জন্য জন্য ইতোমধ্যে স্টেট 2012 সাল থেকে অঞ্চলে 6.2 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্বের হার সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসাসমূহ উন্নতি ও বিনিয়োগ করার জন্য বিংহ্যামটন, জনসন সিটি এবং কর্নিং এর মতো জায়গা বাছাই করছে। এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রেভিটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200-টিরও বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন